

## শিক্ষার্থীদের যৌন হয়রানি : জয়পুরহাটের সেই প্রধান শিক্ষক বরখাস্ত

জয়পুরহাট প্রতিনিধি

৫ মে ২০১৯ ০০:০০ | আপডেট: ৫ মে ২০১৯ ০০:০১



দৈনিক  
**আমাদের সময়**

শিক্ষার্থীদের যৌন হয়রানির অভিযোগে জয়পুরহাটের দাদরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সেই প্রধান শিক্ষক নুর আলমকে সাময়িকভাবে বরখাস্ত করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। গতকাল শনিবার বিষয়টি নিশ্চিত করেছেন জেলা সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আশরাফুল কবীর। তিনি জানান, জয়পুরহাট সদর উপজেলার দাদরা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুর আলমের বিরুদ্ধে স্কুল শিক্ষার্থীদের যৌন হয়রানির অভিযোগ উঠলে অভিভাবকদের পক্ষ থেকে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বরাবর একটি লিখিত অভিযোগ করা হয়। পরে জেলা সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে প্রধান করে তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করার পর প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় উপপরিচালক আবুল কালাম আজাদ স্বাক্ষরিত এক চিঠির মাধ্যমে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। জয়পুরহাট সদরের জামালপুর ইউনিয়ন পরিষদ সংলগ্ন দাদড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০১৫ সালের ২৫ মার্চ প্রধান শিক্ষক হিসেবে যোগদান করেন নুর আলম। অভিযোগ রয়েছে, এই বিদ্যালয়ে যোগদানের পর থেকেই কোমলমতি শিক্ষার্থীদের বিভিন্ন কৌশলে যৌন হয়রানি করতে থাকেন এই প্রধান শিক্ষক। সব শেষ চলতি বছর ২৩ এপ্রিল এক শিক্ষার্থীকে প্রধান শিক্ষক বিদ্যালয়ের তালা খোলার জন্য চাবি নিয়ে আসতে বলে তার শরীরের বিভিন্ন অংশে হাত দেয়। এ ঘটনা ওই ছাত্রী বাড়িতে গিয়ে তার মা-বাবাকে জানালে এলাকায় ছড়িয়ে পড়ে।